# গাক তথ্য পরিক্রমা

Gram Unnayan Karma (GUK)

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৪) সংখ্যা ০৫

## সম্পাদকীয়

আমি অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিক 'তথ্য পরিক্রমা' ৫ম সংখ্যা প্রকাশিত হচ্ছে। জাতীয় পর্যায়ের বেসরকারী উন্নয়ন সংস্থা গ্রাম উন্নয়ন কর্ম (গাক) ১৯৯৩ সালে প্রতিষ্ঠার পর থেকেই উন্নয়নমূলক বিভিন্ন কর্মকান্ড বাস্তবায়ন করে আসছে। সমাজের পশ্চাৎপদ, অবহেলিত, সুবিধা বঞ্চিত অতিদরিদ্র ও দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন, নারীর ক্ষমতায়ন, কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে টেকসই উন্নয়নই সংস্থার মূল লক্ষ্য ও উদ্দেশ্য। বর্তমানে সংস্থাটি সরকারী ও বেসরকারী বিভিন্ন দেশী-বিদেশী দাতা সংস্থার আর্থিক ও কারিগরি সহায়তায় দেশের ৭টি বিভাগের ৫৬টি জেলায় ৪৪৫ অফিস ও প্রায় ৫,৫০০ জন জনবল দ্বারা ২৪টি উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ৮ লক্ষাধিক পরিবারকে সংগঠিত করে নিরলসভাবে কাজ করে চলেছে। লক্ষ্যিত জনগোষ্ঠির অংশগ্রহণে বিভিন্ন উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের পাশাপাশি সংস্থা বগুড়া, দিনাজপুর ও ঢাকায় দরিদ্রবান্ধব চক্ষু হাসপাতাল স্থাপন করে স্বল্প খরচে চক্ষু চিকিৎসা সেবা প্রদান করে আসছে। এছাড়াও সামাজিক এন্টারপ্রাইজ "জিগ্যালোর" প্রতিষ্ঠার মাধ্যমে নারীদের কর্মসংস্থান সৃষ্টি, 'গাক শিশু বিকাশ' উপানুষ্ঠানিক শিক্ষা কেন্দ্র স্থাপন করে শিক্ষার হার বৃদ্ধি এবং মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের মাধ্যমে গ্রামীন নারী-পুরুষদের ঋণ সহায়তা প্রদান ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় এপ্রিল-জুন ২০২৪ পর্যন্ত উল্লেখযোগ্য কিছু কর্মসূচি সম্বলিত সচিত্র প্রতিবেদন 'তথ্য পরিক্রমা' পঞ্চম সংখ্যায় প্রকাশ করা হয়েছে। আশা করছি এ প্রকাশনার মাধ্যমে সংস্থার সুফলভোগীসহ অংশীজনগণ সংস্থার কর্মকান্ড সম্পর্কে জানতে পারবেন এবং তথ্য ভান্ডার আরো সমৃদ্ধ হবে।


### সম্পাদনা পরিষদ ঃ

**সম্পাদক ঃ**
ড. খন্দকার আলমগীর হোসেন
প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক

**প্রণয়নে ঃ**
ড. মোঃ মাহবুব আলম, সিনিয়র পরিচালক
মোঃ আরমান হোসেন, উপ-পরিচালক
মোঃ জিয়া উদ্দিন সরদার, সমন্বয়কারী-কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন

**প্রকাশনায়ঃ**
কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন বিভাগ
গ্রাম উন্নয়ন কর্ম (গাক)
গাক টাওয়ার, বনানী, বগুড়া।
E-mail: info@guk.org.bd,
Website: www.guk.org.bd
Facebook: https://www.facebook.com/guk.org.bd
Mobile: 01733-366999




## গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর সাথে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত

২৬ জুন ২০২৪ তারিখে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি ও ঋণস্থিতির ভিত্তিতে শীর্ষ ২০ ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের একটি হিসেবে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০১৪-২০১৫ অর্থবছর হতে সরকারি কর্মকান্ডে দক্ষতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, গতিশীলতা আনয়ন, সেবার মানোন্নয়ন ও প্রতিষ্ঠানের কার্যকারিতা বৃদ্ধির লক্ষ্যে ফলভিত্তিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা চালু করা হয়। এরই ধারাবাহিকতায় সনদপ্রাপ্ত ঋণস্থিতির ভিত্তিতে শীর্ষ ২০ ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের মধ্যে ১৩ তম অবস্থানে থাকা গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর সাথে অথরিটি'র বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। অথরিটি'র পক্ষে এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান জনাব মো: ফসিউল্লাহ্ ও গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর পক্ষে সংস্থার নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন উক্ত চুক্তিতে স্বাক্ষর করেন। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম সহ অথরিটির ও ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের উর্দ্ধতন কর্মকর্তাগণ ।
এই চুক্তি স্বাক্ষরের ফলে প্রতিষ্ঠানগুলো নির্ধারিত গুরুত্বপূর্ণ সূচকে তাদের লক্ষ্যমাত্রা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে অথরিটিতে তথ্য সরবরাহ করবেন যা মূল্যায়ন করে প্রতিষ্ঠানগুলোকে পুরস্কৃত করা হবে।




## উত্তরবঙ্গের চরাঞ্চলে "Scale up High Value Crop Productio & Market Development" প্রকল্পের চুক্তি স্বাক্ষর

ব্র্যাক ব্যাংক পিএলসি এর আর্থিক সহায়তায় গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক প্রস্তাবিত উত্তরবঙ্গের চরাঞ্চলে "Scale up High Value Crop Production & Market Development" প্রকল্পের আনুষ্ঠানিক চুক্তি ৯ জুলাই ২০২৪ তারিখে ব্র্যাক ব্যাংক পিএলসি এর ঢাকা অফিসে স্বাক্ষরিত হয়। অনুষ্ঠানে গাক'র পক্ষে চুক্তি স্বাক্ষর করেন নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন এবং ব্র্যাক ব্যাংকের পক্ষে ডিএমডি এন্ড চিপ অপারেটিং অফিসার জনাব মোঃ সাব্বির হোসাইন। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ব্র্যাক ব্যাংকের ডিএমডি এন্ড হেড অব এসএমই জনাব সৈয়দ আব্দুল মোমেন (তমাল), এসএমই ব্যাংকিং ডিভিশনের হেড অব এমএফআই এন্ড এগ্রিকালচার ফাইন্যান্স জনাব তাপস কুমার রায় ও হেড অব কমিউনিকেশনস জনাব একরাম কবির, রিলেশনশীপ ম্যানেজার, এগ্রিকালচার এন্ড এমএফআই ফাইন্যান্স জনাব মোঃ রকিবুল হাসান, গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, উপ-পরিচালক মোঃ আরমান হোসেন এবং সমন্বয়কারী (কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন) মোঃ জিয়া উদ্দিন সরদার।
প্রকল্পের আওতায় উত্তরবঙ্গের চরাঞ্চলে কৃষকদের মাঝে উন্নত কৃষি প্রযুক্তি, আধুনিক কৃষি যন্ত্রপাতি ও কৃষি উপকরণ সরবরাহ করে ভুট্টা, মরিচ, পাট ও সরিষার উৎপাদন বৃদ্ধি, চাষ সম্প্রসারণ এবং বাজার ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে কৃষকদের আয় বৃদ্ধি করা।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৪) সংখ্যা ০৫



## গাক কর্তৃক উচ্চ শিক্ষা বৃত্তির চেক প্রদান

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর অর্থায়নে দরিদ্র পরিবারের মেধাবী শিক্ষার্থীদের উচ্চ শিক্ষা নিশ্চিতকরণে ২০২০ সাল থেকে "গাক কর্তৃক উচ্চ শিক্ষা বৃত্তি" পরিচালিত হয়ে আসছে। এ কর্মসূচির আওতায় প্রতি ৬ মাস পর পর দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়সহ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, কৃষি বিশ্ববিদ্যালয় এবং মেডিকেল কলেজের অধ্যয়নরত মেধাবী শিক্ষার্থীদের এ উচ্চশিক্ষা বৃত্তি প্রদান করা হয়। এরই ধারাবাহিকতায় শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ এর মেধাবী শিক্ষার্থীকে গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন উচ্চ শিক্ষা বৃত্তির চেক প্রদান করেন। এসময় উপস্থিত ছিলেন সংস্থার সন্মানিত চেয়ারম্যান প্রফেসর আবু হাম্মাদ বাকী বিল্লাহ ও গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম।




## নওগাঁ জেলাধীন সাপাহার উপজেলায় ECCCP-Drought প্রকল্পের অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন পিকেএসএফ ও গ্রীন ক্লাইমেট ফান্ড (জিসিএফ) এর অর্থায়নে নওগাঁ জেলাধীন সাপাহার উপজেলায় Extended Community Climate Change-Drought প্রকল্পের অবহিতকরণ কর্মশালা গত ১২ জুন ২০২৪ তারিখে সাপাহার উপজেলা মিলনায়তনে অনুষ্ঠিত হয়। মোঃ মাসুদ হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, সাপাহার এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ শাহজাহান হোসেন, উপজেলা চেয়ারম্যান, সাপাহার এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মোঃ ফিরোজুর রহমান, এপিসি (মনিটরিং এন্ড মূল্যায়ন), ECCCP-Drought প্রকল্প, পিকেএসএফ, মোঃ মোখলেছুর রহমান, পরিচালক (এমএফ), গাক, মোঃ জিয়া উদ্দিন সরদার, সমন্বয়কারী, গাক। এছাড়াও উক্ত কর্মশালায় উপস্থিত ছিলেন সাপাহার উপজেলা পর্যায়ের বিভিন্ন সরকারী/ বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ, প্রকল্পের কর্মকর্তাবৃন্দ, স্থানীয় সাংবাদিক এবং গণ্যমান্য ব্যক্তিবর্গ। কর্মশালায় প্রধান অতিথি জনাব মোঃ শাহজাহান হোসেন উপজেলা পরিষদের সার্বিক সহযোগিতায় প্রকল্পের সফল বাস্তবায়নে সকলকে সক্রিয় অংশগ্রহনের জন্য আহ্ববান জানান। সভাপতির বক্তব্যে উপজেলা নির্বাহী অফিসার মোঃ মাসুদ হোসেন প্রকল্পের গুরুত্ব অনুধাবন করে পরিবর্তীত জলবায়ুর বিরুপ প্রভাব মোকাবেলায় এ প্রকল্পের সুষ্ঠ ও সঠিক বাস্তবায়নে উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতা প্রদানের আশ্বাস ব্যক্ত করেন।




## নিরাপদ কৃষি ও প্রাণিজ পণ্যের প্রক্রিয়াজাতকরণ ও বাজার উন্নয়ন শীর্ষক প্রকল্পের অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন বিশেষ কৃষি সিএসআর কার্যক্রমে সিটি ব্যাংক পিএলসি এর অর্থায়নে বগুড়া, বরিশাল, পিরোজপুর এবং ঝালকাটি জেলার বিভিন্ন উপজেলায় নিরাপদ কৃষি ও প্রাণিজ পণ্যের প্রক্রিয়াজাতকরণ ও বাজার উন্নয়ন শীর্ষক প্রকল্পের অবহিতকরণ কর্মশালা ২৯ জুন ২০২৪ তারিখে গাক কনফারেন্স হল, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় অনুষ্ঠিত হয়। গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বগুড়া সদর উপজেলার উপজেলা নির্বাহী অফিসার, ফিরোজা পারভিন এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিটি ব্যাংক পিএলসি'র সিনিয়র ম্যানেজার, কর্পোরেট অ্যাফেয়ার্স রেজা ফাউজুল কবির। কর্মশালায় প্রধান অতিথি ফিরোজা পারভিন প্রকল্পের গুরুত্ব অনুধাবন করে সময়োপযোগি এ প্রকল্পের অর্থায়নের জন্য সিটি ব্যাংক পিএলসি কে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং গাক কর্তৃক বাস্তবায়নাধীন এ প্রকল্পে উপজেলা প্রশাসনের সার্বিক সহযোগিতা প্রদানের আশ্বাস ব্যক্ত করেন।

গাক'র সমন্বয়কারী (কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন) মোঃ জিয়া উদ্দিন সরদার এর সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন গাক'র পরিচালক (এসএফ) পংকজ কুমার সরকার, গাবতলী উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ বেনজির আহমেদ, সারিয়াকান্দি উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ আব্দুল হালিম, গাবতলী উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ মেহেদী হাসান, সারিয়াকান্দি উপজেলা ভেটেরেনারী সার্জন ডাঃ মোঃ আব্দুল্লাহ, প্রকল্প ব্যবস্থাপক মোঃ শাহআলম এবং প্রকল্পের কর্মকর্তা সহ প্রকল্পের লক্ষ্যভুক্ত কৃষক/খামারীগণ।



## গাক'র প্রশিক্ষণ ও উন্নয়ন বিভাগের আয়োজনে এরিয়া ও জোনাল ম্যানেজারদের দায়বদ্ধতা নির্ধারণ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন ঋণ কর্মসূচির আওতায় ১৭-১৮ মে ২০২৪ ইং তারিখে ২ দিন ব্যাপী এরিয়া ও জোনাল ম্যানেজারদের দায়বদ্ধতা নির্ধারণ বিষয়ক কর্মশালা সংস্থার প্রধান কার্যালয়, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালার সমাপনী দিনে প্রধান অতিথি উপস্থিত ছিলেন গাক'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। তিনি ঋণ কর্মসূচি বাস্তবায়নে এরিয়া ও জোনাল ম্যানেজারদের দায় দায়িত্ব ও দায়বদ্ধতার প্রসঙ্গে বলেন লক্ষ্যমাত্রা অর্জনে প্রবল ইচ্ছাশক্তি থাকলে দুর্ভেদ্য লক্ষ্যমাত্রাও অর্জন করা সম্ভব। তিনি সংশ্লিষ্ট সকলকে দায়বদ্ধতা নিয়ে ঋণ কর্মসূচি বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন। কর্মশালায় আরও উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, পরিচালক (সোশ্যাল) মোঃ রাশিদুল ইসলাম, পরিচালক (প্রশাসন ও অভ্যন্তরীণ নিরীক্ষা) মোঃ হুমায়ুন খালেদ, পরিচালক (এমএফ-১) পংকজ কুমার সরকার, পরিচালক (এমএফ-২) মোঃ মুখলেছুর রহমান, পরিচালক এসএমএপি) মোঃ আবু রায়হান মিয়া, পরিচালক (মনিটরিং এন্ড রিভিউ) হজকিল মোঃ আবু হাসান, পরিচালক (আইসিটি এন্ড আরএম) মোঃ রায়হানুস সাদাত, মোঃ কবির উদ্দীন (সমন্বয়কারী- প্রশিক্ষণ) সহ সংস্থার উর্ধ্বতন কমকর্তাবৃন্দ।

গাক

Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৪) সংখ্যা ০৫



## নওগাঁয় ECCCP-Drought প্রকল্পের কার্যক্রম পরিদর্শন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন Extended Community Climate Change (ECCCP-Drought) প্রকল্পের আওতায় নওগাঁ জেলাধীন সাপাহার উপজেলার বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, উপ-পরিচালক মোহাম্মদ আরমান হোসেন, সমন্বয়কারী (কমিউনিকেশন এ্যান্ড ডকুমেন্টেশন) মোঃ জিয়া উদ্দিন সরদার, প্রকল্প সমন্বয়কারী নুরে আজম সিদ্দিক সহ প্রকল্পের সকল কর্মকর্তাগণ। পরিদর্শনকালে সিনিয়র পরিচালক মহোদয় প্রকল্প অফিসে সকল ষ্টাফদের সাথে মিটিং করেন এবং প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। এছাড়াও প্রকল্পের আওতায় সম্ভাব্য কার্যক্রম পরিদর্শন এবং বিভিন্ন ষ্টেকহোল্ডারদের সাথে মত বিনিময় করেন। উল্লেখ্য, প্রকল্পটি পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) ও গ্রিন ক্লাইমেট ফান্ড (জিসিএফ) এর অর্থায়নে নওগাঁ জেলার সাপাহার উপজেলায় গাক কর্তৃক বাস্তবায়িত হচ্ছে।

## গাক চক্ষু হাসপাতাল কর্তৃক রাজশাহী চাঁপাইনবাবগঞ্জ জেলায় ফ্রি চক্ষু সেবা ক্যাম্প আয়োজন




গত ১৯ই এপ্রিল রোজঃ শুক্রবার কাশিয়াবাড়ী, বোয়ালিয়া, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ, রাজশাহীতে বিনামূল্যে চক্ষু ক্যাম্প অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মাননীয় উপসচিব মোঃ আহসান হাবীব, পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়। উক্ত ক্যাম্পে ৩ শতাধিক রোগীকে বিনামূল্যে চোখের সকল পরীক্ষা নিরীক্ষা এবং অসংখ্য রোগীকে অপারেশন করার ব্যবস্থা করা হয়। চক্ষু অপারেশন সফলভাবে সম্পাদন করে রোগীদের সঠিক দিক নির্দেশনা প্রদান করা হয়।

## গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন এর গাক চক্ষু হাসপাতাল বগুড়া পরিদর্শন



০৯ই এপ্রিল ২০২৪ইং তারিখে গাক চক্ষু হাসপাতাল বগুড়া পরিদর্শন করেন গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। পরিদর্শন কালে হাসপাতালে আগত চক্ষু রোগীদের সাথে হাসপিটালের পরিবেশ, সেবা এবং সার্বিক বিষয় নিয়ে কথা বলেন। আগত চক্ষু রোগীরা হাসপাতাল থেকে প্রত্যাশিত সেবা পাওয়ায় তিনি সন্তুষ্টি প্রকাশ করেন। এই সময় উপস্থিত ছিলেন পরিচালক (মেডিকেল) ডাঃ এইচ, এস, এম রেজাউন্নবী মন্ডল, উপ-পরিচালক মোঃ আরমান হোসেন, ম্যানেজার মোঃ শাখাওয়াত হোসেন সহ অনেকেই।



## গাক আরএমটিপি ডেইরী ও পোল্ট্রি প্রকল্পের মাসিক অগ্রগতি সভা অনুষ্ঠিত

২৩/০৬/ ২০২৪ ইং তারিখে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত আরএমটিপি-ডেইরী ও পোল্ট্রি প্রকল্পের আওতায় জুন মাসের মাসিক অগ্রগতি সভা গাক এর প্রকল্প অফিসে অনুষ্ঠিত হয়েছে। এসময় গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর সিনিয়র পরিচালক ও গাক আরএমটিপি ডেইরী পোল্ট্রি প্রকল্পের ফোকাল পার্সন ড. মোঃ মাহবুব আলম, সমন্বয়কারী (কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন) মো: জিয়াউদ্দিন সরদার ও উপ প্রকল্পের প্রতিনিধি হিসেবে প্রকল্প ব্যবস্থাপক, মনিটরিং এন্ড রেজাল্ট ম্যানেজমেন্ট অফিসার এবং ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার উপস্থিত ছিলেন। ড. মো: মাহবুব আলম প্রকল্পের সার্বিক অগ্রগতি, চ্যালেঞ্জ ও ভবিষ্যত পরিকল্পনা ও বাজেট সংক্রান্ত বিষয়বলী নিয়ে বিস্তারিত আলোচনা এবং দিক নির্দেশনা প্রদান করেন।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৪) সংখ্যা ০৫



## গাক'র হাইভ্যালু ক্রপ প্রকল্পের আওতায় সারিয়াকান্দি উপজেলার চরাঞ্চলের ভূট্টাচাষীদের মাঝে কৃষিযন্ত্রাংশ (ভূট্টা মারাই মেশিন) বিতরণ

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন ব্র্যাক ব্যাংক পিএলসি এর আর্থিক সহায়তায় "হাইভ্যালু ক্রপ প্রোডাকশন এন্ড মার্কেট ডেভেলপমেন্ট" প্রকল্পের আওতায় সারিয়াকান্দি উপজেলার চরাঞ্চলের ভূট্টাচাষীদের মাঝে কৃষিযন্ত্রাংশ (ভূট্টা মারাই মেশিন) বিতরণ করা হয়। কৃষি উৎপাদনে মেকানাইজেশন এর মাধ্যমে অধিক শস্য উৎপাদন ও উৎপাদিত পণ্যের প্রসেসিং করার লক্ষ্যে চরাঞ্চলের কৃষকদের মাঝে আধুনিক কৃষিযন্ত্রাংশ ও প্রসেসিং সরঞ্জামাদির ব্যবহার নিশ্চিত করতে প্রকল্পটি কাজ করছে। গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম এর সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ তৌহিদুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, সারিয়াকান্দি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আব্দুল হালিম, উপজেলা কৃষি কর্মকর্তা, সারিয়াকান্দি, বগুড়া। এছাড়াও গাক'র সমন্বয়কারী (কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন) মোঃ জিয়া উদ্দিন সরদার, প্রকল্প ব্যবস্থাপক মোঃ রাজি বিল্লাহ, প্রকল্প কর্মকর্তা সহ প্রকল্পভুক্ত উপকারভোগী, স্থানীয় সাংবাদিক ও গণমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। উপজেলা নির্বাহী অফিসার চরাঞ্চলে কৃষকদের মাঝে আধুনিক কৃষিযন্ত্রাংশ ও প্রসেসিং সরঞ্জামাদি বিতরনের জন্য গাক এবং ব্র্যাক ব্যাংক পিএলসি কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান এবং কৃষি ও কৃষকের উন্নয়নে এই জাতীয় কাজ সারিয়াকান্দি উপজেলার অন্যান্য চরেও বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের পরামর্শ প্রদান করেন।




## গাক'র আরএমিটিপি প্রকল্পের আওতায় সারিয়াকান্দি উপজেলার হাটফুলবাড়িতে মডেল জবাইখানার শুভ উদ্বোধন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আন্তর্জাতিক কৃষি উনয়ন তহবিল (ইফাদ), ডানিডা, পিকেএসএফ এর আর্থিক ও কারিগরি সহায়তায় "নিরাপদ মাংস এবং দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন" উপ-প্রকল্পের আওতায়" সারিয়াকান্দি উপজেলাধীন হাটফুলবাড়িতে "মডেল জবাইখানা" স্থাপন করা হয়। নিরাপদ ও স্বাস্থ্য সম্মত উপায়ে কসাই এর মাধ্যমে প্রাণী জবাই এর উদ্দেশ্যে উদ্যোক্তা মাসুদ রানার তত্ত্বাবধানে উক্ত জবাইখানাটি পরিচালিত হবে। গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ তৌহিদুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, সারিয়াকান্দি এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আনোয়ারুত তারিক মোহাম্মদ, চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ, সারিয়াকান্দি ও ডাঃ মোঃ শাহ্ আলম, উপজেলা প্রাণিসম্পদ অফিসার, সারিয়াকান্দি, বগুড়া। এছাড়াও গাক'র সমন্বয়কারী (কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন) মোঃ জিয়া উদ্দিন সরদার, প্রকল্প ব্যবস্থাপক ডাঃ মোঃ জিয়াউর রহমান, প্রকল্প কর্মকর্তা সহ প্রকল্পভুক্ত উপকারভোগী, স্থানীয় সাংবাদিক ও গণমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন। উপজেলা নির্বাহী অফিসার এই সময় উদ্যোক্তা সহ গাক কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান এবং এইরূপ মডেল জবাইখানা সারিয়াকান্দি উপজেলার অন্যান্য ইউনিয়নে নির্মাণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের পরামর্শ প্রদান করেন।




## ডাচ্ বাংলা ব্যাংকের দৃষ্টি প্রোগ্রামের আওতায় ফ্রি চক্ষু ক্যাম্প ও ছানি অপারেশন

ডাচ্ বাংলা ব্যাংকের দৃষ্টি প্রোগ্রামের আওতায় এবং গাক চক্ষু হাসপাতালের সহযোগিতায় সম্পূর্ণ বিনামূল্যে চক্ষু ক্যাম্প ও ছানি অপারেশন। স্থানঃ মুরইল সরকারী প্রাথমিক বিদ্যালয়, মুরইল, আদমদিঘী, বগুড়া। এই ছানি অপারেশন ও ফ্রি চক্ষু ক্যাম্পের সভাপতি হিসাবে উপস্থিত ছিলেন মোঃ মোহসিন আলী, সিনিয়র অফিসার, গ্রামীন ব্যাংক। প্রধান অতিথি অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আলহাজ্ব সিরাজুল ইসলাম খান রাজু, চেয়ারম্যান, আদমদিঘী উপজেলা পরিষদ, বগুড়া। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সালমা বেগম চাপাঁ, মহিলা ভাইস চেয়ারম্যান, আদমদীঘি উপজেলা পরিষদ কার্যালয়, বগুড়া, মোঃ নজরুল ইসলাম, ম্যানেজার ডাচ্ বাংলা ব্যাংক, বগুড়া শাখা, মোছাঃ আঞ্জুয়ারা বেগম, আদমদীঘি, বগুড়া।



## বগুড়ায় ডিএলএস এবং সংশ্লিষ্ট এক্টরদের নিয়ে সমন্বয় সভা অনুষ্ঠিত

৩০ জুন ২০২৪, গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত আরএমটিপি-পোল্ট্রি প্রকল্পের আওতায় ডিএলএস এবং সংশ্লিষ্ট এক্টরদের নিয়ে ত্রৈ-মাসিক সমন্বয় সভা বগুড়া জেলা প্রাণিসম্পদ অফিসের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সমন্বয় সভায় প্রকল্পের আওতায় স্থাপিত এগ ওয়াশিং হাব, প্রকল্পের ১৭,৫০০ জন সদস্যদের মধ্যে উন্নত প্রযুক্তি ও ব্যবস্থাগত প্রশিক্ষণ এবং প্রকল্পের সার্বিক চিত্র নিয়ে আলোচনা করা হয়। এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বগুড়া জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ড. মোঃ আনিছুর রহমান। তিনি সরকারি ও বেসরকারি সমন্বিত প্রচেষ্টায় প্রাণিসম্পদের উন্নয়নের জন্য আশাবাদ ব্যক্ত করেন। একই সাথে আরএমটিপি প্রকল্পের গৃহীত কর্মকান্ড সমূহের ভূয়সী প্রশংসা করেন।

Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৪) সংখ্যা ০৫



## গাক কর্তৃক হুইল চেয়ার বিতরন, শ্রেষ্ঠ প্রবীণ ও শ্রেষ্ঠ সন্তান সম্মাননা প্রদান

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় হুইল চেয়ার বিতরন, শ্রেষ্ঠ প্রবীণ ও শ্রেষ্ঠ সন্তান সম্মাননা প্রদান অনুষ্ঠানটি ২৯ মে ২০২৪ তারিখে গাবতলী সদর ইউনিয়নের তরফসরতাজ প্রবীণ সামাজিক কেন্দ্রে অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে নিজে নিজে চলাফেরা করতে অক্ষম এমন ২ জন অসহায় প্রবীণকে হুইল চেয়ার প্রদান করা হয়, ৫ জন প্রবীণকে শ্রেষ্ঠ প্রবীণ সম্মাননা এবং ৫ জনকে শ্রেষ্ঠ সন্তান সম্মাননা পুরস্কারে ভূষিত করা হয়।

## গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন সমৃদ্ধি কর্মসুচির আওতায় বিশ্ব "মা" দিবস উদযাপন




গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন সমৃদ্ধি কর্মসুচির আওতায় বিশ্ব 'মা' দিবস ২০২৪ উপলক্ষে ১২ মে ২০২৪ তারিখ তরফসরতাজ সমৃদ্ধি অফিস, গাবতলী, বগুড়ায় এক বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত আলোচনা সভায় তরুণ সমাজের প্রতিনিধিরা নারী পুরুষের সমতা ও বৈষম্য নিরসনে বিস্তারিত আলোচনা করেন। উক্ত আলোচনা সভায় উপস্থিত ছিলেন সমৃদ্ধি কর্মসূচীর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ।

## স্বপ্ন আমার উদ্যোক্তা হবো" শীর্ষক প্রশিক্ষণ




গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন, পিকেএসএফ এর আর্থিক সহায়তায় সমৃদ্ধি কর্মসূচির আওতায় ' উন্নয়নে যুব সমাজ ' কার্যক্রমের অংশ হিসেবে ২ দিন ব্যাপী " স্বপ্ন আমার উদ্যোক্তা হবো" শীর্ষক প্রশিক্ষণ ১৫ ও ১৬ মে ২০২৪, তরফসরতাজ, গাবতলী, বগুড়া সমৃদ্ধি অফিস কক্ষে অনুষ্ঠিত হয়।

প্রশিক্ষণ শেষে অংশগ্রহনকারী যুবদের মাঝে সনদ পত্র প্রদান করা হয়।




## আরএমটিপি-ডেইরী প্রকল্পের আওতায় নতুন এলএসপিদের নিয়ে ইস্যু ভিত্তিক সভার আয়োজন

২৩/০৬/ ২০২৪ ইং তারিখে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত আরএমটিপি-ডেইরী প্রকল্পের আওতায় জুন মাসের মাসিক অগ্রগতি সভা গাক এর প্রকল্প অফিসে অনুষ্ঠিত হয়েছে। এসময় গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর সিনিয়র পরিচালক ও গাক আরএমটিপি ডেইরী প্রকল্পের ফোকাল পার্সন জনাব ড. মোঃ মাহবুব আলম, কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন মোঃ জিয়াউদ্দিন সরদার ও উপ প্রকল্পের প্রতিনিধি হিসেবে প্রকল্প ব্যবস্থাপক, মনিটরিং এন্ড রেজাল্ট ম্যানেজমেন্ট অফিসার এবং ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার উপস্থিত ছিলেন। ড. মোঃ মাহবুব আলম প্রকল্পের সার্বিক অগ্রগতি, চ্যালেঞ্জ ও ভবিষ্যত পরিকল্পনা ও বাজেট সংক্রান্ত বিষয়বলী নিয়ে বিস্তারিত আলোচনা এবং দিক নির্দেশনা প্রদান করেন।

# গাক তথ্য পরিক্রমা

Gram Unnayan Karma (GUK)

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৪) সংখ্যা ০৫




## গ্রাম উন্নয়ন কর্ম (গাক'র) বিশ্ব পরিবেশ দিবস-২০২৪ উদযাপন

"করবো ভূমি পুনরুদ্ধার, রুখবো মরুময়তা, অর্জন করতে হবে মোদের খরা সহনশীলতা" এই প্রতিপাদ্যকে সামনে নিয়ে বিশ্ব পরিবেশ দিবস-২০২৪ উদযাপনে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর অংশগ্রহণ। এই বর্ণাঢ্য র‍্যালিতে অংশগ্রহণ করেন সমন্বয়কারী (কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন) মোঃ জিয়া উদ্দিন সরদার। এছাড়াও এই র‍্যালিতে অংশগ্রহণ করেন গাক'র প্রকল্প সহ বিভিন্ন পর্যায়ের কর্মকতাগণ।



## গাক'র রেইজ প্রকল্পের আওতায় ব্যবসা ব্যবস্থাপনা ও উদ্যোগ উন্নয়ন প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন বিশ্বব্যাংক ও পিকেএসএফ এর আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত রেইজ প্রকল্পের আওতায় শিবগঞ্জ শাখায় ২০ জন তরুন উদ্যোক্তাদের অংশগ্রহণে ১৬ দিন ব্যাপী ব্যবসা ব্যবস্থাপনা ও উদ্যোগ উন্নয়ন প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে কারিগরি প্রশিক্ষণ সেশন পরিচালনা করেন শিবগঞ্জ উপজেলা লাইভস্টক অফিসার ডাঃ নুরে আলম সিদ্দিকী।



## প্রিমিয়াম কাটের মাংস সরবরাহে গাক আরএমটিপি প্রকল্পের আওতায় নির্মীত "বগুড়া মিট প্রসেসিং প্লান্ট " এর নতুন সংযোজন "গোস্ত সঞ্চয় বহি " কার্যক্রম

আর্ন্তজাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও পিকেএসএফ এর অর্থায়নে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন আরএমটিপি প্রকল্পের প্রান্তিক পর্যায়ের ভোক্তাদের আয়কে তাদের সাধ্যের মধ্যে রেখে আমিষের চাহিদা পূরণে বগুড়া মিট গোস্ত সঞ্চয় কার্যক্রম চালু করেছে। এক্ষেত্রে বগুড়া মিটের সদস্য হয়ে উক্ত কার্যক্রমের অংশ হিসেবে নিম্ন আয়ের ভোক্তাগন প্রতি সপ্তাহে ১০০ টাকা করে জমা করবেন, পরবর্তীতে ৪০ সপ্তাহে যা সঞ্চয় হবে তা দ্বারা ঈদের পূর্বে বাজার মূল্য হতে কম মূল্যে মাংস কিনতে পারবেন । এছাড়াও প্রতি সপ্তাহের কেনাকাটায় বহি প্রাপ্ত সদস্যগণ এর জন্য আছে বিশেষ ছাড়! তাছাড়াও বগুড়া মিট তাদের মার্কেটিং প্রমশনের জন্য প্রতি "গোস্ত সঞ্চয়" বহি প্রাপ্ত সদস্য এর সাথে একটি রাফেল ড্র এর ব্যবস্থা রেখেছে, যার মাধ্যমে সদস্যরা আকর্ষণীয় পুরস্কার লাভ করতে পারবে।



## চলমান তীব্র দাবদাহে গাক, আরএমটিপি প্রকল্প উদ্যোগে "বিশ্ব ভেটেনারি দিবস" উদযাপন

তীব্র তাপ প্রবাহে গবাদী পশু পালনে বিভিন্ন ধরনের প্রতিবন্ধকতা নিরসনে আর্ন্তজাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও পিকেএসএফ এর অর্থায়নে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন আরএমটিপি প্রকল্প বিভিন্ন ধরনের কার্যক্রম চালিয়ে যাচ্ছে। তারই ধারাবাহিকতায় উপজেলা প্রাণিসম্পদ অধিদপ্তর এর সহায়তায় ওয়ার্ল্ড ভেটেরিনারি ডে,২৪ দিবসকে উপজীব্য বিবেচনায় দুর্গাহাটা, গাবতলী উপজেলায় তীব্র গরমে "গবাদী প্রানি পালন ব্যবস্থাপনা" বিষয়ক ইস্যু ভিত্তিক সভা পালিত হয়। উক্ত সভায় প্রাণীর গরমে খাদ্য, বাস স্থান নির্বাচনে বিবেচনা , হিট স্ট্রোকে করণীয় এবং খামারে তাপমাত্রা নিয়ন্ত্রণে ফগ স্প্রে মেশিন এর গুরুত্ব সম্পর্কে তুলে ধরা হয়। উল্লেখ্য প্রকল্পভুক্ত খামারিদের জন্য খামারে তাপমাত্রা নিয়ন্ত্রণে ফগ স্প্রে মেশিন ক্রয়ে গাক, আরএমটিপি প্রকল্প আংশিক সহায়তা প্রদান করছে।

গাক

Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৪) সংখ্যা ০৫




## গাক ইনস্টিটিউট অব টেকনোলোজি (জিআইটি) থেকে পাশকৃত শিক্ষার্থীদের গাক চক্ষু হাসপাতালে MLOP পদে নিয়োগ পরবর্তী ওরিয়েন্টেশন কর্মশালা অনুষ্ঠিত

গাক ইনস্টিটিউট অব টেকনোলোজি (জিআইটি) থেকে পাশকৃত শিক্ষার্থীদের গাক চক্ষু হাসপাতালে গখঞচ পদে নিয়োগ পরবর্তী ওরিয়েন্টেশন কর্মশালায় উপস্থিত ছিলেন গাক চক্ষু হাসপাতালের ডিরেক্টর (মেডিকেল) ডাঃ এইচ. এস. এম. রেজাউন্নবী মন্ডল, জিআইটি'র অধ্যক্ষ মোঃ আহসান হাবীব এবং হাসপাতালের ম্যানেজারসহ জিআইটি'র বিভিন্ন কর্মকর্তাবৃন্দ।

## বগুড়া সদরে হাঁস, মুরগি ও কবুতরের টেস্টিং ও পরামর্শ ক্যাম্পেইন অনুষ্ঠিত



গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত আরএমটিপি-পোল্ট্রি প্রকল্পের আওতায় "ভেটস কেয়ার" বগুড়া জেলার সদর উপজেলার ফাপোড় ইউনিয়নে প্রকল্পভুক্ত খামারীদের জন্য পোল্ট্রির রোগ নির্ণয়, পরামর্শ সেবা প্রদানের লক্ষ্যে টেস্টিং ক্যাম্পেইনের আয়োজন করা হয়।



## আরএমটিপি পোল্ট্রি প্রকল্পের আওতায় অনুদানের চেক বিতরণ




## ডাচ বাংলা ব্যাংকের আওতায় গাক চক্ষু হাসপাতাল, বগুড়া কর্তৃক বিনামূল্যে চক্ষু ক্যাম্প ও ছানি অপারেশন

১৪ ই জুলাই ২০২৪ ইং তারিখে ডাচ বাংলা ব্যাংকের "দৃষ্টি" প্রোগ্রামের আওতায় গাক চক্ষু হাসপাতালের সহযোগিতায় বিনামূল্যে চক্ষু ক্যাম্প এবং ছানি রোগীদের বিনামূল্যে অপারেশন করা হয়। এই চক্ষু ক্যাম্পটি উত্তর করমজা সরকারী প্রাথমিক বিদ্যালয়, পাকুল্লা, সোনাতলা, বগুড়ায় আয়োজন করা হয়। উক্ত ক্যাম্পে গাক'র সিনিয়র পরিচালক ড. মাহবুব আলম'র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন ডাঃ মোঃ আতাউর রহমান, বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজসেবক। উক্ত চক্ষু ক্যাম্পে ৪০০ জন রোগীকে বিনামূল্যে চক্ষু পরীক্ষা এবং ৭৫ জন রোগীকে ফ্রী অপারেশনের ব্যবস্থা করানো হয়।



## গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আরএমটিপি পোল্ট্রি প্রকল্পের আওতায় "উন্নত প্রযুক্তিগত ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ" অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত আরএমটিপি- পোল্ট্রি প্রকল্পের আওতায় বগুড়া জেলা সদর, শাজাহানপুর ও কাহালু উপজেলার প্রকল্পভুক্ত সদস্যদের নিয়ে পোল্ট্রি বিষয়ে উন্নত প্রযুক্তিগত ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এসময় প্রশিক্ষক হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণ পরিচালনা করেন বগুড়া জেলার অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ অফিসার ডাঃ মোছাঃ নাছরীন পারভীন, কাহালু উপজেলার প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ মাহবুব হাসান চৌধুরী এবং শাজাহানপুর উপজেলার প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ হোসাইন মোঃ রাকিবুর রহমান।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (এপ্রিল-জুন ২০২৪) সংখ্যা ০৫



## যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গাক'র বিভিন্ন উন্নয়ন কার্যক্রম পরিদর্শন

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন কার্যক্রম পরিদর্শন করেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক ড. গাজী মোঃ সাইফুজ্জামান (গ্রেড-১)। পরিদর্শন শেষে গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রধান কার্যালয়ের বোর্ড রুমে এক মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন। তিনি গাক'র বিভিন্ন উন্নয়ন কার্যক্রম বিশেষ করে যুবদের সম্পৃক্ত করে নানাবিধ কর্মকান্ডের ভূঁয়সী প্রশংসা করেন। এ সময় আরও উপস্থিত ছিলেন যুব উন্নয়ন অধিদপ্তরের প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব) কাজী মোখলেছুর রহমান, পরিচালক (পরিকল্পনা) এম এ আখের, বগুড়া জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ তোছাদ্দেক হোসেন, গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলমসহ সংস্থার পরিচালকগণ ও উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ।




## BD Rural WASH for HCD প্রকল্প বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন PKSF, World Bank and Asian Infrastructure Investment Bank (AIIB) এর অর্থায়নে BD Rural WASH for HCD প্রকল্প বিষয়ক মতবিনিময় সভা পলাশবাড়ি উপজেলা মিলনায়তনে অনুষ্ঠিত হয়। গাক'র প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন এর সভাপতিত্বে উক্ত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিকেএসএফ এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক ড. মোঃ জসীম উদ্দিন। গাইবান্ধা জেলার পলাশবাড়ি ও সাদুল্লাপুর উপজেলায় প্রকল্প বাস্তবায়নের সাথে সম্পৃক্ত ১২টি সহযোগি সংস্থার ফোকাল পারসন ও প্রকল্প কর্মকর্তাবৃন্দের সাথে উক্ত মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় পিকেএসএফ এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা এবং কাংখিত লক্ষ্যমাত্রা অর্জনে বিভিন্ন দিকনির্দেশনামূলক পরার্মশ প্রদান করেন। সভাপতির বক্তব্যে ড. খন্দকার আলমগীর হোসেন বলেন, নিরাপদ পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থার উন্নয়নে প্রকল্পটি ক্ষুদ্রঋণ কর্মসূচিকে অলংকৃত করেছে। তিনি আশা প্রকাশ করেন এই প্রকল্প বাস্তবায়নের সাথে জড়িত সকলেই প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনে আরও বেশি সচেষ্ট হবেন।

## গাক শিশু বিকাশ শিক্ষা কেন্দ্রের আওতায় বার্ষিক সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতা-২০২৪ অনুষ্ঠিত



গ্রাম উন্নয়ন কর্মা গাক কর্তৃক বাস্তবায়িত "গাক শিশু বিকাশ" কর্তৃক পরিচালিত উপানুষ্ঠানিক শিক্ষা কেন্দ্রগুলিতে শিক্ষার পাশাপাশি শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক গুনাবলী বিকাশের জন্য নাটোর জেলায় বন পাড়া শাখায় বাৎসরিক খেলাধুলা ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে ইউনিয়ন চেয়ারম্যান, উপজেলা শিক্ষা কর্মকর্তা, গাক শিশু বিকাশের শিক্ষকবৃন্দ, স্থানীয় গণ্যমান্যব্যক্তিবর্গ ও অভিভাবকগণ উপস্থিত ছিলেন।